

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইডহাউস(৭মও১০মতলা)নিউ বেইলী রোড,ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.২১.০০১.২২.১৮৬

তারিখ: ২ অগ্রহাষণ ১৪২৯

১৭ নভেম্বর ২০২২

বিষয়: “মাদ্রাসা শিক্ষকগণের শিক্ষণ দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ সংক্রান্ত প্রকল্প”র আওতায় ২১ (একুশ) দিনব্যাপী “আল ফিকহ” বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণার্থীর তালিকা অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: বর্ণিত প্রকল্পের স্মারক নং-টিইটিএসএমটিপি-ডিএমই/টিটিসি (রংপুর)/২০২২-১৮৫; তারিখ ১৬/১১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন “মাদ্রাসা শিক্ষকগণের শিক্ষণ দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ সংক্রান্ত প্রকল্প”র আওতায় সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, রংপুর-এ “আল-ফিকহ” বিষয়ে ১৯/১১/২০২২ থেকে ০৯/১২/২০২২ তারিখ পর্যন্ত ২১ (একুশ) দিনব্যাপী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ৫০ জন প্রশিক্ষণার্থীর তালিকা অনুমোদনের জন্য অত্র অধিদপ্তরে প্রেরণ করেছেন। প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরিত ৫০ জন প্রশিক্ষণার্থীর তালিকা নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে অনুমোদন করা হলো।

(ক) তালিকায় প্রশিক্ষণার্থীর নাম যেন পুনরাবৃত্তি (Repetition) না হয় তা নিশ্চিত করতে হবে;

(খ) প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণের তালিকা আবশ্যিকভাবে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রি নিশ্চিত করতে হবে। ব্যত্যয় ঘটলে প্রকল্প পরিচালক দায়ী থাকবেন;

(গ) মনোনীত শিক্ষকগণের মধ্যে অনুপস্থিতির তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০৬.০৯. ০০১. ২১.৩৫; তারিখ: ২০/০৫/২০২১খ্রি.-এ বর্ণিত ছকে কোর্স সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে Compliance Report প্রেরণ করতে হবে এবং একই সাথে পরবর্তী কোর্স শুরু হওয়ার পূর্বে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রির তথ্য প্রেরণ করতে হবে;

(ঘ) প্রয়োজনে মোবাইলে/ব্যক্তিগতভাবে যোগাযোগপূর্বক প্রেরিত তালিকা অনুযায়ী সকল প্রশিক্ষণার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে;

(ঙ) যুক্তিসংগত ও গ্রহণযোগ্য কারণ ব্যতীত মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তা প্রতিষ্ঠান প্রধানের অসদাচরণ হিসেবে বিবেচিত হবে।

সংযুক্তি: বর্ণনামতে -০৫ ফর্দ।

১৭-১১-২০২২

মোঃ জিয়াউল আহসান

পরিচালক

ফোন: ০২-৪১০৩০১৯২

প্রকল্প পরিচালক

মাদ্রাসা শিক্ষকগণের শিক্ষণ দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ

সংক্রান্ত প্রকল্প, ২৪/ডি (৫ম তলা), সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

ইমেইল: ziaulhasan0000@gmail.com

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.২১.০০১.২২.১৮৬/১(৪)

তারিখ: ২ অগ্রহাষণ ১৪২৯

১৭ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব, মাদ্রাসা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

২) অতিরিক্ত সচিব (উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৩) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১৭-১১-২০২২

মোঃ সুলতান আহমেদ

সহকারী পরিচালক

